

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

উপকরণ-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ আষাঢ়, ১৪২১ বঃ/৩০ জুন, ২০১৪ খ্রিঃ

নং ১২.০২৬.০৪০.০০.০০.০২৫.২০১৪-১০০—সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে জাতীয় সার প্রমিতকরণ কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে BARI Tricho compost নামীয় জৈব সারটির বিনির্দেশ কৃম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২-০৪-২০০৮ এবং নং ১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন, তারিখ ১৪-০৩-২০১২ মোতাবেক Director General, Bangladesh Agricultural Research Institute, Joydevpur, Gazipur-এর অনুকূলে রেজিস্ট্রেশন প্রদানের জন্য সরকার কর্তৃক অনুমোদন করা হইল।

২। সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের বস্তার গায়ে লেবেল লাগাইতে হইবে। লেবেলে নিম্নবর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখিতে হইবে, যথা ঃ—

- সারের নাম (ব্যান্ড নাম যদি থাকে উহাও উল্লেখ করিতে হইবে);
- সারে বিদ্যমান আবশ্যিকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নাম এবং উহার শতকরা হার;
- সারের নীট ওজন;

(১৬৮৩৭)

মূল্য ঃ টাকা ৪.০০

- (ঘ) প্রস্তুতকারকের নাম ও যে দেশে প্রস্তুত সেই দেশের নাম;
- (ঙ) নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis);
- (চ) আমদানিকারকের নাম, ঠিকানা ও নিবন্ধন নম্বর;
- (ছ) উৎপাদনের তারিখ; এবং
- (জ) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)।”।

৩। লেবেলে কুম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২-০৪-২০০৮ এবং নং ১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন, তারিখ ১৪-০৩-২০১২ মোতাবেক জারীকৃত বর্ণিত জৈব সারের সরকার অনুমোদিত বিনির্দেশ উল্লেখ থাকিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আব্দুল কাইয়ুম চৌধুরী

সহকারী সচিব।